দৈনিক সংবাদ

তারিখ ... 02 APR 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮ ...

# শিক্ষকদের তলবী সভা ॥ বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ লংঘনের অভিযোগ

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির তলবী সভায় আগামী ৭ই এপ্রিল বিশ্ববিদ্যালয় খোলার পূর্বে বর্তমান ভিসির নিয়োগ প্রত্যাহার করিয়া

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## তলবী সভা

(১ম পৃঃ পর)

ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ৭৩-এর ১১(২) ধারা যথাযথভাবে প্রয়োগের মাধ্যমে ভিসির দাপ্তরিক দায়িত্বভার চালাইয়া নেওয়ার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের আহ্বান জানানো হইয়াছে। সভায় বলা হয়, প্রফেসর আবদুল মান্নান ভিসি হিসাবে পদত্যাগ করায় যে সাময়িক শূন্যতার সৃষ্টি হয়, সেখানে ভিসির কাজ চালাইয়া নেওয়ার জন্য ব্যবস্থা গ্রহণ করিতে গিয়া প্রফেসর মোঃ মনিরুজ্জামান মিয়াকে সরাসরি নিয়মিত ভিসি নিয়োগ করায় ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ৭৩'এর ১১ নম্বর ধারা লঙ্ঘন করা হইয়াছে।

৫৪ জন শিক্ষক আহূত এই তলবী সভায় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের সদস্য প্রফেসর আবদুল জব্বার মিয়া সভাপতিত্ব করেন। সভায় শিক্ষক সমিতির সাবেক সভাপতি প্রফেসর মশিহুজ্জামান, বর্তমান সাধারণ সম্পাদক ডঃ এম এ মান্নান, প্রফেসর সৈয়দ আহমেদ, আবদুল মোমিন চৌধুরী, কে, এম, এম সাদ উদ্দিন, এরশাদুল বারী, ফেরদৌস হোসেন, এ, কে আজাদ চৌধুরী প্রমুখ বক্তৃতা করেন। সভায় বক্তারা বলেন, সিনেটকে অকার্যকর করিয়া রাখার লক্ষ্যে ভিসিকে সরাসরি নিয়োগ করা হইয়াছে। যাহারা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ পরিবর্তনে সরকারকে সহায়তা করিতে চাহেন তাহারাই বর্তমান ভিসির নিয়োগ সম্পর্কে কিছু বলিতেছেন না। সভায় ৫৪ জন শিক্ষকের আহ্বানে শিক্ষক সমিতির কার্যকরী পরিষদ তলবী সভা না ডাকায় উহার সমালোচনা করা হয়।

সভায় প্রফেসর মশিহুজ্জামান বলেন, ভিসির নিয়োগাদেশের মাধ্যমে সূক্ষ্মভাবে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩-এর ১১ ধারা লংঘন করা হইয়াছে। ডঃ এ, কে আজাদ চৌধুরী বলেন, প্রফেসর আবদুল মান্নান ইচ্ছাকৃতভাবে পদত্যাগ করেন নাই। তাহাকে পদত্যাগে বাধ্য করা হইয়াছে।

ফেরদৌস হোসেন বলেন, সিনেটের মনোনয়ন ছাড়া নিয়মিত ভিসি নিয়োগের কোন ধারা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ৭৩-এ নাই। প্রফেসর সাদ উদ্দিন বলেন, বিশ্ববিদ্যালয়কে দলীয়করণ প্রক্রিয়ার মাধ্যমে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সংশোধনের সুযোগ দেওয়া হইতেছে। তিনি বলেন, বর্তমান ভিসি নিজেকে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ প্রণয়নের একজন দাবী করেন। ইহা সত্ত্বেও অধ্যাদেশ লংঘনের বিষয়টি কেন বুঝিতেছেন না, তাহা আমাদের বোধগম্য নয়।

বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে অনুষ্ঠিত এই সভায় প্রায় দেড়শত শিক্ষক উপস্থিত ছিলেন। সভায় আইনের শিক্ষক এরশাদুল বারী ভিসির নিয়োগাদেশ সম্পর্কিত ব্যাপারে গুরুত্ব না দিয়া বক্তব্য রাখিতে শুরু করিলে মৃদু গুঞ্জন শুরু হয়। এরশাদুল বারী বর্তমান মুহূর্তে সিনেটকে কার্যকর করার প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার আহ্বান জানান। সভার এক প্রস্তাবে বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত ও পালি বিভাগের শিক্ষক ডঃ রবীন্দ্র বিজয় বড়ুয়ার মৃত্যুতে শোক প্রকাশ করা হয়।